

গণভোট ২০২৬  
সংসদ নির্বাচন  
দেশের চারি  
আপনার হাতে

বাংলাদেশ শিল্পী কল্যাণ ট্রাস্ট  
ব্যবস্থাপনা পরিচালকের কার্যালয়  
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়  
বর্ধমান ভবন, বাংলা একাডেমি, ঢাকা  
[www.shilpitrust.portal.gov.bd](http://www.shilpitrust.portal.gov.bd)


স্মারক নম্বর : ৪৩.৩৭.০০০০.০০০.০১.০০১.২২. ২৩৩

তারিখ: ২৭ পৌষ ১৪৩২  
১১ জানুয়ারি ২০২৬

## বিজ্ঞপ্তি

২০২৬ সালের জন্য সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতায় বাংলাদেশ শিল্পী কল্যাণ ট্রাস্টের পক্ষ থেকে অসুস্থ শিল্পীর কল্যাণ সাধনের জন্য এবং অসুস্থ শিল্পীর চিকিৎসা সহায়তা বাবদ আর্থিক সাহায্য প্রদানের লক্ষ্যে নিম্নলিখিত নির্দেশাবলী অনুসরণ সাপেক্ষে আবেদন আহ্বান করা যাচ্ছে :

- (১) আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও প্রচলিত কোন শাখার শিল্পী/সাহিত্যিক/সংস্কৃতিসেবী হতে হবে।
- (২) আবেদনকারীকে অন্যান্য ৪০ (চল্লিশ) বৎসর বয়সী হতে হবে। “অসুস্থ শিল্পী বা সংস্কৃতিসেবী” অর্থ বার্ষিক্যজনিত শারীরিক অক্ষমতা, অসুস্থতা, দুর্ঘটনা বা অনুরূপ কারণে উপার্জনে অক্ষম বা জীবন ধারণের জন্য সন্তোষজনক কোনো আয় নাই এমন শিল্পী বা সংস্কৃতিসেবী।
- (৩) দুর্ঘটনায় কোন শিল্পীর মৃত্যু ঘটলে তাঁর পরিবারবর্গ উপর্যুক্ত সাক্ষ্য প্রমাণ সাপেক্ষে আবেদন করতে পারবেন।
- (৪) শিল্পী/সাহিত্যিক/সংস্কৃতিসেবীর ক্ষেত্রে আবেদনপত্রের সাথে জেলা কালচারাল অফিসার/উপজেলা নির্বাহী অফিসার/জেলা প্রশাসক/মহাপরিচালক বাংলাদেশ শিল্পকলা একাডেমি/মহাপরিচালক বাংলা একাডেমি/ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিল্পী কল্যাণ ট্রাস্ট কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্রের মূলকপি সংযুক্ত করতে হবে।
- (৫) অসুস্থ শিল্পীর ক্ষেত্রে আবেদনপত্রের সাথে রেজিস্টার্ড চিকিৎসক কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্রের মূলকপি সংযুক্ত করতে হবে।
- (৬) আবেদন ফরম বিনামূল্যে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইট ([www.moca.gov.bd](http://www.moca.gov.bd)) ও বাংলাদেশ শিল্পী কল্যাণ ট্রাস্টের ওয়েবসাইট ([www.shilpitrust.portal.gov.bd](http://www.shilpitrust.portal.gov.bd))- এ পাওয়া যাবে। আবেদন ফরমের ফটোকপি গ্রহণযোগ্য।
- (৭) আবেদন ফরম যথাযথভাবে পূরণ করে বাংলাদেশ শিল্পী কল্যাণ ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক বরাবর ডাকযোগে পৌঁছাতে হবে।
- (৮) দুইকপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, স্থায়ী ঠিকানার অনুকূলে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ওয়ার্ড কমিশনার কর্তৃক নাগরিকত্বের সনদের কপি, জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদের কপি, আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

  
শাওয়াল খানম  
ব্যবস্থাপনা পরিচালক  
বাংলাদেশ শিল্পী কল্যাণ ট্রাস্ট

৩/১৬  
২০/১১/২০২৬